

# কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

## KPB School & College Online Assignment 2020

শ্রেণী: অষ্টম

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়- ২ঘন্টা

পূর্ণমান: ৫০

এক বাক্যে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১৫×২=৩০

প্রত্যেক প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। ইমান কাকে বলে?
- ২। নিফাক শব্দের অর্থ কী?
- ৩। আল্লাহ সামাদুন অর্থ কী?
- ৪। সর্বশেষ নবী ও রাসুল কে?
- ৫। শাফায়েত কাকে বলে?
- ৬। যাকাত ফরয হওয়ার শর্ত কয়টি?
- ৭। যাকাতের মাসারিফ কাকে বলে?
- ৮। হজ্জের আভিধানিক অর্থ কী?
- ৯। কুরবানী কাকে বলে?
- ১০। আকিকা কাকে বলে?
- ১১। পবিত্র কুরআন মাজিদে কতটি সুরা আছে?
- ১২। মহানবী (সাঃ) এর ৪০ বছর বয়সে সর্বপ্রথম কোন সুরা অবতীর্ণ করা হয়?
- ১৩। ইদগামের হরফ মোট কয়টি ও কি কি?
- ১৪। দুই যবর, দুই যের ও দুই পেশকে কি বলা হয়?
- ১৫। আল-কোরাআনে লাইলাতুল কদর শব্দটি কতবার এসেছে?

## সৃজনশীল :

১০×২= ২০

নিচের সৃজনশীল প্রশ্ন দুটির উত্তর দাও:

১। আলম সাহেব ও সালাম সাহেব দুই ভাই। আলম সাহেব নিয়মিত নামায আদায় করেন না। তবে তিনি আগামী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার মানসে বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে নির্বাচনী প্রচারণা শুরু করেন। অপর পক্ষে সালাম সাহেব নিয়মিত নামায আদায়ের পাশাপাশি ছোট ছোট পাপ থেকে ও বিরত থাকার আপ্রান চেষ্টা করেন।

- |  |   |
|--|---|
| (ক) ইসলামিক শরিয়াতের প্রধান উৎস কয়টি?  | ১ |
| (খ) গাফুরুর রহিম বাক্যটি ইসলামের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর।                       | ২ |
| (গ) আলম সাহেবের বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে কী পকাশ পেয়েছে? ব্যাখ্যা কর? | ৩ |
| (ঘ) সালাম সাহেবের প্রচেষ্টাটি সূরা আল-যিলযালের আলোকে বিশ্লেষণ কর।                  | ৪ |

২। সুরাইয়ার পিত্রালয়ে কাজ করতে এসে সুরাইয়ার সাথে সালেহার পরিচয় হয়। সালেহা অত্যন্ত দরিদ্র পরিবারে মেয়ে। বাবার মৃত্যুর পর কঠোর পরিশ্রম করে জীবিকা নির্বাহ করতে হতো। পাঁচ ওয়াক্ত নামায যথাযথ আদায় করত। সারারাত নফল ইবাদতে কাটাতে গিয়ে মাঝে মাঝে অসুস্থ হয়ে পড়লে ও ইবাদতে কোনরূপ বিরক্ত হতো না। সে কখনো পরমুখাপেক্ষী হতো না। আল্লাহর সন্তুষ্টি অর্জনই ছিল একমাত্র উদ্দেশ্য। সে জীবনে বিয়ে ও করেনি। পক্ষান্তরে সুরাইয়া ছোট বেলা থেকে পড়াশোনায় ব্যস্ত থাকত। বিশেষ করে কুরআন ও হাদিস চর্চাই ছিল তার মূল কাজ। স্বামী গৃহে গিয়ে সংসার ও আত্মীয়স্বজনের অধিকার যথাযথ পালন সহ রাতের অধিকাংশ সময় ইবাদতে মগ্ন থাকত। সেছিল সংস্কৃতিমনা, তবে পর্দার ক্ষেত্রে কোন প্রকার আপস করত না।

- |   |   |
|---|---|
| (ক) মহানবি (সাঃ) কোথায় বিদায় হজ্জের ভাষণ দিয়েছিলেন?                                | ১ |
| (খ) সত্য মানুষকে মুক্তি দেয় - বুঝিয়ে লেখ।   | ২ |
| (গ) সুরাইয়ার কর্মে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।                         | ৩ |
| (ঘ) সালেহার জীবনে হযরত রাবেয়া বসরি (রাঃ) এর আদর্শ ফুটে উঠেছে- উক্তিটির বিশ্লেষণ করে? | ৪ |